



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইকবাল মেমোরিয়াল সরকারি কলেজ
দাগনভূঞা, ফেনী।



Web: www.imgc.edu.bd

স্মারক নং : আই এম গভ সি/

তারিখ:

উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর আওতায় শিক্ষার্থীদের মধ্যে পঙ্গু, প্রতিবন্ধী, এতিম, অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান, রিক্সা/ভ্যান/ঠালাগাড়ি চালকের সন্তান, দিনমজুরের সন্তান, মহিলা গৃহকর্মীর সন্তান, নদী ভাংগন কবলিত পরিবারের সন্তান, দুঃস্থ পরিবারের সন্তান, উপার্জনে অসমর্থ/বিকলাঙ্গ পিতা-মাতার সন্তানদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে আবেদন চলছে। উক্ত শ্রেণির অন্তর্ভুক্ত শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি গ্রহণে আগ্রহী শিক্ষার্থীরা আগামী ১৬/১১/২০২৩ খ্রি: এর মধ্যে ফরম পূরণ পূর্বক কলেজে জমা দেয়ার জন্য বলা যাচ্ছে।

উপবৃত্তির জন্য নির্ধারিত আবেদন ফরম কলেজের ওয়েব সাইট (www.imc.edu.bd) থেকে সংগ্রহ করতে হবে।

আবেদনের সাথে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি জমা দিতে হবে।

- ০১। শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত উপবৃত্তির আবেদন ফরম।
- ০২। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা)।
- ০৩। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।
- ০৪। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।
- ০৫। ১১শ শ্রেণির ক্ষেত্রে এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি।
- ০৬। শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্রের ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর।
- ০৭। একই একাউন্ট নম্বর / মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।
- ০৮। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা /মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তার নাম প্রদান করতে হবে।
- ০৯। স্কুল ব্যাংকিং/এজেন্ট ব্যাংকিং এর ক্ষেত্রে যার নামে একাউন্ট খোলা হয়েছে হিসাবধারীর নাম হিসাবে তার নাম এন্ট্রি করতে হবে।
- ১০। সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে।
- ১১। উল্লেখ্য যে, অসম্পূর্ণ কোন আবেদন জমা নেয়া হবে না।
- ১২। আবেদনে চাহিত তথ্যাদি যথাযথভাবে পূরণ করতে হবে।

বিঃদ্র: সংযুক্ত ফরম এর সাথে ৫০ (পঞ্চাশ) টাকা Data Entry ফি বাবত জমা দিতে হবে।


০৬.১১.২০২৩
(মোহাম্মদ মোজ্জুরুল হক)
অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

ইকবাল মেমোরিয়াল সরকারি কলেজ
দাগনভূঞা, ফেনী।